গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০৭.২৩.৬৯৭

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩০ / ০৩ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: আগস্ট, ২০২৩-এর মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ অফিস স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের আগস্ট, ২০২৩-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

০৩/০৯/২০২৩

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।
প্রতিবেদনাধীন মাসের নাম: আগস্ট ২০২৩ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৩-০৯-২০২৩ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১৩,২৪২ | ১০,০৭১ | ৩,১৭১ | |
| মোট | ১৩,২৪২ | ১০,০৭১ | ৩,১৭১ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১৭০ | ৪০৮ | ১৯৫৯ | ৬৩৪ | ৩,১৭১ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০১টি
সিস্টেম এনালিস্ট -০১টি
উপপরিচালক -০৫টি
সহকারী পরিচালক -১৮টি
সমাজসেবা অফিসার/সমমান -১৪৫টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| -- | ১২৪ | ১২৪ | - | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক.	অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ.	দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ.	জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১	মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ.	প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩)	অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪)	উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক)	উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৬৯৭.৪৩<br>(ছয়শত সাতানব্বই কোটি তেতাল্লিশ লক্ষ টাকা) | ৯.৮৩৫৬<br>(নয় কোটি তিরাশি লক্ষ ছাপান্ন হাজার টাকা)<br>২% | বিদ্যমান শিশু উন্নয়ন কেন্দ্র (৩টি) এর সক্ষমতা বৃদ্ধি | - |

খ.	প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | - | -- |

(৫)	উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক.	কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ.	কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ.	বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ.	বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ.	ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ.	জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ.	ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬)	প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-৪১০টি (NON –SFI)<br>অগ্রিম- ২৪৬টি (SFI)<br>মোট- ৬৫৬টি | ৬২১,১৮,১১,৫১৩/-<br>৭৪৮,৬৬,২৯,৭১৮/-<br>১৩৬৯,৮৪,৪১,২৩১/-<br>(এক হাজার তিনশত উনসত্তর কোটি চুরাশি লক্ষ একচল্লিশ হাজার দুইশত একত্রিশ টাকা) | সাধারণ-১৯২টি<br>অগ্রিম- ২৫৭টি<br>মোট- ৪৪৯টি | সাধারণ-১০টি<br>অগ্রিম- ০২টি<br>মোট- ১২টি<br>টাকার পরিমান<br>সাধারন-৩৮৭২৬০৫/-<br>অগ্রিম-১৭৮২৩৯৮/-<br>মোট- ৫৬৫৫০০৩/-<br>(ছাপান্ন লক্ষ পঁঞ্চান্ন হাজার তিন টাকা) | সাধারণ-৪০০টি<br>অগ্রিম- ২৪৪টি<br>মোট- ৬৪৪টি<br>টাকার পরিমান<br>৬২০,৭৯,৩৮,৯০৮/-<br>৭৪৮,৪৮,৪৭,৩২০/-<br>১৩৬৯,২৭,৮৬,২২৮/-<br>(এক হাজার তিনশত উনসত্তর কোটি সাতাশ লক্ষ ছিয়াশি হাজার দুইশত আটাশ টাকা) | ১। ১৩টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ১৩/০৩/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ১৩টি আপত্তিই নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিপত্র জারী করার জন্য মন্ত্রণালয় হতে ৮/৫/২০২৩ তারিখ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>২। ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য ১৯/০১/২০২৩ তারিখে ১৩টি ১৭/০৪/২০২৩ তারিখে ৩৩টি এবং ২৫/০৭/২০২৩ তারিখে ১৪টি অডিট আপত্তির কার্যপত্র প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৩। দ্বি-পক্ষীয় সভা আহবানের জন্য ২৮/৪/২০২৩ তারিখ ২১টি এবং ৩১/০৭/২০২৩ তারিখ ১০টি অডিট আপত্তির কার্যপত্র সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০৩ | ০৯ | ১১২ | ০০ | ০৬ | ০০ | ০৬ | ০৬ | ১০৬<br>১ম শ্রেণির ৩৪ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৪৫ টি,<br>৪র্থ শ্রেণির ২২ টি<br>মোট = ১০৬ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩টি ট্রেডে ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জুলাই-ডিসেম্বর ২০২২ সেশনে ১০৯৮৭ জন<br>নারী প্রশিক্ষণার্থী-৪৩৯৫ জন<br>পুরুষ প্রশিক্ষণার্থী-৬৫৯২ জন |
| ২ | Special TOT onTraining Method (1st batch) | ২৭ হতে ২৯ আগস্ট ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ২৬ জন |
| ৩ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ২০ হতে ২৪ আগস্ট ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ২৮ জন |
| ৪ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ২৭ হতে ৩১ আগস্ট ২০২৩ | | ২৮ জন |
| ৫ | লাইফ স্কীল | ০১ হতে ০৩ আগস্ট ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ২৯ জন |
| ৬ | লাইফ স্কীল | ০৬ হতে ০৮ আগস্ট ২০২৩ | | ২৪ জন |
| ৭ | লাইফ স্কীল | ২০ হতে ২২ আগস্ট ২০২৩ | | ২৫ জন |
| ৮ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ১৩ হতে ১৪ আগস্ট ২০২৩ | | ১৮ জন |
| ৯ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ২৩ হতে ২৪ আগস্ট ২০২৩ | | ২৩ জন |
| ১০ | দপ্তর ব্যবস্থাপনা ও ডি নথি | ০৫ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ৪০ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক ২০ হতে ২১ আগস্ট ২০২৩ তারিখ ১৫ জন প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে ০২ দিনের ইনহাউজ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ০৬ জন।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৭০ জন, ২য় শ্রেণির ৪০৮ জন, ৩য় শ্রেণির ১,৯৫৯ জন এবং ৪র্থ শ্রেণির ৬৩৪ জনসহ মোট ৩ হাজার ১৭১ জনের জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) ২০২৩-২৪ অর্থবছরে ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ এন্ট্রিকৃত মোট ১ কোটি ১৩ লক্ষ ৭৬ জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি মোবাইল/ এজেন্ট ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। নতুন ভাতা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ শুরু হয়েছে, যা আগামী ১০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত চলমান থাকবে। ৩১ আগস্ট ২০২৩ পর্যন্ত বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার মোট ২০ লক্ষ ৭ হাজার আবেদন অনলাইনে জমা পড়েছে।

(০২) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রম খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ অন্যান্য অনুদান (আবর্তক অনুদান/ক্ষুদ্রঋণ) খাতে ৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকা, প্রশিক্ষণ খাতে ১৩ লক্ষ ৭৫ হাজার টাকা এবং অন্যান্য মনিহারি খাতে ৫ লক্ষ ৫০ হাজার টাকাসহ সর্বমোট ৭ কোটি ৫০ লক্ষ টাকা ছাড়করণের মঞ্জুরি প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৩) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১ম কিস্তি বাবদ ৫৩ লক্ষ টাকা ছাড়করণের মঞ্জুরি প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৪) ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের অন্যান্য অনুদান বাবদ বরাদ্দকৃত ২৩ কোটি ৮৩ লক্ষ ৪০ হাজার টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ৫ কোটি ৯৫ লক্ষ ৮৫ হাজার টাকা ছাড় ও মঞ্জুরী আদেশ পাওয়া গেছে।

(০৫) ২০২৩-২৪ অর্থবছরে শহর সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ১৫ কোটি টাকার মধ্যে অন্যান্য অনুদান বাবদ ১৩ কোটি ৯০ লক্ষ টাকার ১ম কিস্তি বাবদ ৩ কোটি ৪৭ লক্ষ ৫০ হাজার টাকা প্রশাসনিক মন্ত্রনালয় হতে ছাড়করণের করা হয়েছে।

(০৬) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সফটওয়্যারের (dss.nise.gov.bd) মাধ্যমে সকল প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে পরিচালনার জন্য a2i এর সহায়তায় ঢাকা ও সিলেট বিভাগে জুম প্লাটফর্মে ফলোআপ প্রশিক্ষণ পরিচালনা করা হয়।

(০৭) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের ৫৩৩টি হাসপাতালে আগস্ট ২০২৩ মাসে মোট ৪৯ হাজার ৬৬২ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে আর্থিকভাবে উপকৃতের সংখ্যা ১২ হাজার ৩৬৪ জন, সামাজিকভাবে উপকৃতের সংখ্যা ৩৭ হাজার ২৯৭ জন এবং পুনর্বাসন ০১ জন। সরকারি অনুদান, ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রদত্ত দান-অনুদান, যাকাত, ফিতরা, সমিতির সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে আগস্ট ২০২৩ মাসে সংগৃহীত ৫৩৩টি রোগীকল্যাণ সমিতির সর্বমোট আয় ৮ কোটি ১৮ লক্ষ ২ হাজার ৮৭১ টাকা এবং ঔষধ, বিভিন্ন চিকিৎসা সহায়ক সামগ্রী, যাতায়াত ভাড়া, পথ্য, সরাসরি দ্রব্যসামগ্রী দান ইত্যাদি বাবদ সর্বমোট ব্যয় ১ কোটি ৫২ লক্ষ ৪০ হাজার ৫৬৪ টাকা।

(০৮) সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা, জাতীয় নাক, কান, গলা ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা এবং জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকাসহ মোট ০৪টি হাসপাতালে হাসপাতাল সমাজসেবা কার্যক্রম চালুর জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

(০৯) প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রমের আওতায় আগস্ট ২০২৩ মাসে আদালত কর্তৃক মোট ৪৬৫ জন দোষী সাব্যস্ত ব্যক্তিকে প্রবেশনে দেওয়া হয়েছে। মনিটরিং, ফলোআপ ও সংশোধনের মাধ্যমে মোট ২৪০ জন প্রবেশনারকে প্রবেশনের মেয়াদ শেষে অব্যাহতির জন্য আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। আদালত কর্তৃক বিকল্পপন্থা বা ডাইভারশন প্রদানকৃত ৯১ জন শিশুকে শিশু আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৭৪ জন সুবিধাবঞ্চিত শিশুকে বিকল্প পরিচর্যায় প্রেরণ করা হয়েছে। অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে ২০১ জন প্রবেশনার এবং কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত ২৯৭ জন ব্যক্তিকে পুনর্বাসন করা হয়েছে। কারাগারের অভ্যন্তরে পরিচালিত বিভিন্ন বৃত্তিমূলক

প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মোট ২ হাজার ৩৪৭ জন কয়েদিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগস্ট ২০২৩ মাসে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির ব্যয়ের পরিমাণ ৫ লক্ষ ৯৬ হাজার ৮৮১ টাকা।

(১০) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। আগস্ট ২০২৩ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ৩১ লক্ষ ৬৬ হাজার ৩৪৯ জন।

(১১) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন ৩ টি শিশু উন্নয়ন কেন্দ্র (বালক/বালিকা) -এ SEIP প্রকল্পের অর্থায়নে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স চালুকরণের সম্মতি জ্ঞাপন করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০১. ২১.৪০৫ তারিখ: ৩১ জুলাই ২০২৩ যোগে নির্বাহী প্রকল্প পরিচালক, স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP), ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদাৎ বার্ষিকিতে জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবারসহ অন্যান্য প্রতিষ্ঠানে পবিত্র কোরআন তেলাওয়াত, আলোচনা অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, হামদ-নাথ ও দোয়া মাহফিল আয়োজন করা হয়েছে।

(১৩) Pearl Conference Room- Ground Room, Hotel Intercontinental, শাহবাগ. ঢাকায় মাননীয় সমাজকল্যাণ মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় শিশু কল্যাণ বোর্ড এর প্রথম সভার কার্যবিবরণী প্রস্তুতপূর্বক অধিদপ্তরের স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩২.১৬.৯৯ তারিখ ২০ আগস্ট ২০২৩ যোগে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বরাবর প্রেরণ করা হয়েছে।

(১৪) ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী (১) সরকারি শিশু পরিবার (বালিকা) কিশোরগঞ্জ ও (২) সরকারি শিশু পরিবার (বালিকা) খুলনাকে আধুনিকীকরণের লক্ষ্যে নির্দেশাবলী সংযুক্ত করে তা যথাযথভাবে পালন ও প্রতি তিন মাস অন্তর বাস্তবায়ন অগ্রগতি প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০২৯.২৩.৪২৯ তারিখ ২০ আগস্ট ২০২৩ যোগে সংশ্লিষ্ট উপতত্ত্বাবধায়ক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদাৎ বার্ষিকি এবং জাতীয় শোক দিবস-২০২৩ উৎযাপন উপলক্ষে মধুমতি মিলনায়তন, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকায় আলোচনা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ, এমপি, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি, সমাজকল্যাণ মন্ত্রণালয়, এবং সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সচিব সমাজকল্যাণ মন্ত্রণালয়। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর মহোদয় উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন।

## (১০) গ. আগামী ২ মাসে (সেপ্টেম্বর ২০২৩ ও অক্টোবর ২০২৩) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) ২০২৩-২৪ অর্থবছরের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় নিয়মিত এবং বর্ধিত উপকারভোগীর সকল ভাতা ও উপবৃত্তির ১ম কিস্তির অর্থ মোবাইল হিসাব নম্বরে জিটুপি পদ্ধতিতে প্রেরণ করা হবে।

(০২) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ অন্যান্য অনুদান (আবর্তক অনুদান/ক্ষুদ্রঋণ) খাতে ৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকা, প্রশিক্ষণ খাতে ১৩ লক্ষ ৭৫ পঁচাত্তর হাজার টাকা এবং অন্যান্য মনিহারি খাতে ৫ লক্ষ ৫০ হাজার টাকাসহ সর্বমোট ৭ কোটি ৫০ লক্ষ টাকা ছাড়করণের মঞ্জুরি আদেশ পাওয়া গেলে মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৩) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১ম কিস্তি বাবদ ৫৩ লক্ষ টাকা ছাড়করণের মঞ্জুরি আদেশ পাওয়া গেলে মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৪) ৩২টি উপজেলায় পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস), পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের সকল ক্ষুদ্রঋণের আর্থিক হিসাবের সঠিকতা যাচাই ও অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষাকরণের লক্ষ্যে আগামী ১৩, ১৪, ১৯ ও ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে নিরীক্ষা কার্যক্রমের আয়োজন করা হবে।

(০৫) ২০২৩-২৪ অর্থ বছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ১ম কিস্তি বাবদ ৫ কোটি ৯৫ লক্ষ ৮৫ হাজার টাকার চেক প্রাপ্তি সাপেক্ষে দ্রুত মাঠ পর্যায়ে প্রেরণ করা হবে।

(০৬) সমাজসেবা আধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এস এস সি/২০২৩ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুতের নিমিত্ত প্রবেশপত্র সংগ্রহ করা হবে।

(০৭) উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে সমাজের অনগ্রসর, অবহেলিত, সুবিধাবঞ্চিত, নিগৃহিত ও পশ্চাদপদ জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

ঘ. আগামী দুই মাসে (সেপ্টেম্বর ২০২৩ ও অক্টোবর ২০২৩) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

০৩/০৭/২৩

০৩/০৭/২৩
মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

০৩/০৭/২৩
আদিল মোত্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।